



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোন-৯৫৫০৪০৩, ই-মেইল dgmpdd@krishibank.org.bd



কৃষিব্যবস্থার প্রতিশ্রুতি
আর্থিক স্বাভাবিক অগ্রগতি

তারিখ : ২৫-০৬-২০২০ খ্রিঃ

নং প্রকা/ক্রেবি/রুমাবি-১৯৯(অংশ-২)/২০১৯-২০২০/২৪৪৮(৪০)

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়

ঢাকা/গাজীপুর/নারায়নগঞ্জ/ মানিকগঞ্জ/ টাঙ্গাইল(দঃ)/ টাঙ্গাইল(উঃ)/কিশোরগঞ্জ/শেরপুর/ জামালপুর/কুমিল্লা/লাকসাম/চাঁদপুর/ নোয়াখালী/
ফেনী/লক্ষীপুর/ চট্টগ্রাম (পূর্ব)/চট্টগ্রাম (পশ্চিম) /পটুয়াখালী/কক্সবাজার/ মাদারীপুর/গোপালগঞ্জ/ বরিশাল/ ঝালকাঠি/ পিরোজপুর/ভোলা/
পটুয়াখালী /বরগুনা /বাগেরহাট/ বিনাইদহ/ মাগুরা/নড়াইল/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা ও মৌলভী বাজার অঞ্চল।
শাখা ব্যবস্থাপক (সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।

বিষয় : স্বনির্ভর ঋণ আদায়করণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ক্রেডিট বিভাগের পত্র নং প্রকা/ক্রেবি/রুমাবি-১৯৯(অংশ-২)/২০১৯-২০২০/৪৮০(১২০০) তারিখ ০৮-০১-২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। স্বনির্ভর ঋণ কর্মসূচীর আওতায় মাঠ পর্যায়ে বিতরণ সম্পূর্ণ স্থবির রয়েছে এবং শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য ঋণসমূহ আদায় না হওয়ায় বিতরণকৃত অনাদারী ঋণ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। ঝুঁকি ব্যবস্থাপনার কমিটিতে আলোচনার প্রেক্ষিতে স্বনির্ভর ঋণ কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণ আদায়ের পর বিকেবি'র নিজস্ব কর্মসূচীর আওতায় এনে বিশেষ করে শস্য ঋণ/ বাংলাদেশ ব্যাংকের আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০(দশ) টাকার হিসাবধারীদের পুনঃ অর্থায়ন স্বীকারের আওতায় ঋণ প্রদান করা যেতে পারে। একই সাথে যে সকল শাখার স্বনির্ভর কর্মী কর্তৃক আদায়কৃত টাকা যাতে হস্তমজুদ হতে না পারে সে বিষয়ে বিশেষ নজর দিতে হবে মর্মে মাঠ পর্যায়ে একাধিক পত্র প্রেরণ করা হয়েছে।

০৪। স্বনির্ভর ঋণ কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণের অধিকাংশ ঋণ খেলাপী হয়ে পড়ায় BKB Risk Management Unit এর ফেব্রুয়ারী/২০২০ ইং মাসের সভায় আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

নির্দেশনা দেয়া সত্ত্বেও খাত পরিবর্তন করে ১টি অঞ্চল ছাড়া অন্য অঞ্চল ঋণ বিতরণ না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। স্বনির্ভর খাতে ৩৪টি অঞ্চলের মধ্যে ৬টি অঞ্চলের ঋণ আদায় হয়েছে। অবশিষ্ট ২৮টি অঞ্চলকে পর্যবেক্ষণের মধ্যে রাখতে হবে। যে ব্যক্তি স্বনির্ভর ঋণের টাকা সম্পূর্ণ পরিশোধ করবে সেই ব্যক্তি কৃষি ঋণ পাওয়ার যোগ্য হয় তবে তাকে অবশ্যই কৃষি ঋণ দিতে হবে। যে সব শাখায় স্বনির্ভর কর্মী আছে তাদেরকে সার্বক্ষণিক নজরদারীর মধ্যে রাখতে হবে যাতে তাদের মাধ্যমে আদায়কৃত টাকা হস্তমজুদ না হয়।

০৫। এমতাবস্থায়, BKB Risk Management Unit এর সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক স্বনির্ভর খাতে খেলাপী ঋণ হ্রাস করার জন্য বিতরণিত ঋণের খাত পরিবর্তন করে প্রযোজ্য ক্ষেত্রে কৃষি ঋণ/১০ টাকার হিসাবধারীদেরকে ক্ষুদ্র ব্যবসার জন্য ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১) স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২) স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিচালনা ও পরিচালন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।
- ০৪) উপ-মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ) বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা কে উপরোক্ত পত্রটি সংযুক্তিসহ বিকেবি'র নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫) নথি।

মোঃ নাজমুল করিম চৌধুরী
সহকারী মহাব্যবস্থাপক